

শুকরিয়া আদায় করা

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ **শুকরিয়া আদায় করা**

বয়ঃবৃদ্ধ লোকটির ছোটভাই অনুরোধ করেছে সুরা ইবরাহীমের ৭ নম্বর আয়াতের উপর কিছু লিখতে। আয়াতে বলা হয়েছেঃ

(7) **وَإِذْ تَأَذَّنَ رَبُّكُمْ لَئِن شَكَرْتُمْ لَأَزِيدَنَّكُمْ وَلَئِن كَفَرْتُمْ إِنَّ عَذَابِي لَشَدِيدٌ**

অর্থঃ সুরণ কর তোমাদের প্রতিপালক ঘোষণা করেন, তোমরা কৃতজ্ঞ হলে তোমাদেরকে অবশ্যই অধিক দিবা। আর অকৃতজ্ঞ হলে অবশ্যই আমার শাস্তি হবে কঠোর।

বৃদ্ধ লোকটির বয়স ছিয়াত্তরের উপরে, মাস হিসাবে ৯১৫ মাসের বেশী, দিন হিসাবে ২৭,৮৫২ দিনের বেশী, ঘণ্টা হিসাবে প্রায় ৭ লক্ষ, মিনিট হিসাবে ৪০ মিলিয়নের উপর, সেকেন্ড হিসাবে ২.৪ বিলিয়ন। অর্থাৎ ২৪০ কোটি সেকেন্ড বৃদ্ধটির বয়স।

বৃদ্ধ লোকটির উপর আল্লাহর নেয়েমত ২৪০ কোটি না তার চেয়েও বেশী? তার এ জীবনে সে কতবার নিঃশ্বাস নিয়েছে। ২০০ কোটি বার। ২০০ কোটি বার রক্ত পরিচ্ছন্ন হয়েছে। হাম্পাতালে কৃত্রিম শ্বাস নেয়ার জন্য অনেক টাকা বিল দিতে হয়। মহান প্রতিপালক আল্লাহ তা'য়লা নিঃশ্বাস নায়ার ব্যবস্থা করেছেন, ক্ষুধায় অন্ন যুগিয়েছেন, পাকস্থলীতে খাদ্য পরিপাক(digest) করার ব্যবস্থা করেছেন। এগুলো সব ফ্রি।

[clickherehttp://www.morningbrightness.fi/](http://www.morningbrightness.fi/)

@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>

বৃদ্ধলোকটির বড় বড় রোগ সবই হয়েছিল। আল্লাহ তাকে নিরাময় করেছেন। তাকে উপার্জনের ব্যবস্থা করেছেন। এই বৃদ্ধ বয়সেও তাকে সুস্থ রেখেছেন।

বৃদ্ধ লোকটি চিন্তা করতে লাগলো, ২৪০ কোটি পৃষ্ঠায় তার নেয়ামতের বর্ণনা করে শেষ করা যাবে? না কখনো শেষ করা যাবে না। তাই তো

পবিত্র কোরআনে বলা হয়েছেঃ

সূরা ১৬ আন নাহল, আয়াতঃ ১৮

(18) وَإِنْ تَعُدُّوا نِعْمَةَ اللَّهِ لَا تُحْصُوهَا إِنَّ اللَّهَ لَغَفُورٌ رَحِيمٌ

অর্থঃ তোমরা আল্লাহর অনুগ্রহ গণনা করলে সেটার সংখ্যা নির্ণয় করতে পারবে না।

আল্লাহ অবশ্যই ক্ষমাপরায়ন, পরম দয়ালু।

পবিত্র কোরআনে ইরশাদ হয়েছেঃ

সূরা ৩১ লুকমান, আয়াতঃ ২৭

وَلَوْ أَنَّ فِي الْأَرْضِ مِنْ شَجَرَةٍ أَقْلَامٌ وَالْبَحْرُ يَمُدُّهُ مِنْ بَعْدِهِ سَبْعَةُ أَبْحُرٍ مَّا
(27) نَفَدَتْ كَلِمَاتُ اللَّهِ إِنَّ اللَّهَ عَزِيزٌ حَكِيمٌ

অর্থঃ আর সমগ্র পৃথিবীতে যত গাছ আছে তা সবই যদি কলম হয় এবং যে সমুদ্র রয়েছে তার সাথে যদি আরও সাতটি সমুদ্র শামিল হয়ে কালি হয় তবুও আল্লাহর বাণী শেষ হবে না। নিশ্চয় আল্লাহ্ প্রতাপশালী, মহাবিজ্ঞ।

পবিত্র কোরআনে ইরশাদ হয়েছেঃ

সূরা ১৮ কাহফ, আয়াতঃ ১০৯

قُلْ لَوْ كَانَ الْبَحْرُ مَدَادًا لَّكَلِمَاتِ رَبِّي لَنَفِدَ الْبَحْرُ قَبْلَ أَنْ تَنْفَدَ كَلِمَاتُ رَبِّي
(109) وَلَوْ جِئْنَا بِمِثْلِهِ مَدَدًا

বল তোমার প্রতিপালকের কথা লিপিবদ্ধ করার জন্য সমুদ্র যদি কালি হয় , তবে আমার প্রতিপালকের কথা শেষ হবার পূর্বেই সমুদ্র নিঃশেষ হয়ে যাবে। আমরা এটার সাহায্যার্থে এটার অনুরূপ আরও সমুদ্র আনলেও।

পবিত্র কোরআনে আরও ইরশাদ হয়েছেঃ

সূরা ৪ আন নিসা, আয়াতঃ ১৪৭

(147) مَا يَفْعَلُ اللَّهُ بِعَذَابِكُمْ إِنْ شَكَرْتُمْ وَآمَنْتُمْ وَكَانَ اللَّهُ شَاكِرًا عَلِيمًا

অর্থঃ তোমরা যদি কৃতজ্ঞতা প্রকাশ কর ও ঈমান আন তবে তোমাদের শাস্তিতে আল্লাহর কি কাজ? আল্লাহ গুণগ্রাহী, সর্বজ্ঞ। হাদীসে এসেছে রাসুলুল্লাহ(সাঃ) এর মুখে সূরা আর রহমানের তেলাওয়াত শুনে জ্বীন সম্প্রদায়ের মু'মিনগণ যখনই

(13) فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ

বলা হত, তখনই বলতো لَا بَشِيئَةٍ مِنْ نِعْمَةِ رَبِّنَا نُنْكَدِبُ

সুতরাং তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোন কোন নিয়ামত অস্বীকার করবে? – না আমরা তোমার প্রতিপালকের কোন নেয়ামতই অস্বীকার করি না।

আল্লাহর কৃতজ্ঞ বান্দা হওয়ার পথ হলো ক) ফরজ
ইবাদতসমূহ ঠিক ঠাক মত আদায় করা খ) বেশী বেশী
নফল ইবাদত করা গ) ইবাদতে মুখে যা বলা হয় তা ভাল
করে অর্থ বুঝে অন্তরের গভীরে বিশ্বাস স্থাপন করা ঘ) বেশী
বেশী আল্লাহর প্রশংসা করা।

.....

click here <http://www.morningbrightness.fi/>
@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>